

আবদুল মাঝির গল্প
রবীন্দ্রনাথ ঠাকুর

৫১ দু/তিনটি বাক্যে উত্তর দাও :-

৫১৩ “সে আমার কাছে গল্প করছিল” -- সে কে ? সে কার কাছে গল্প করছিল ? গল্পটি কী ?

উ:- * সে বলতে আবদুল মাঝিকে বোঝানো হয়েছে ।

** সে বালক রবীন্দ্রনাথের কাছে গল্প করছিল ।

*** গল্পটি হল একদিন চৈত্র মাসের শেষের দিকে কালবৈশাখীর ঝড়ে আবদুল মাঝির ডিঙিটা ডোবে ডোবে অবস্থা হয়েছিল । কিন্তু আবদুল দাঁতে রশি কামড়ে ঝাঁপিয়ে পড়ল জলে এবং সাঁতরে চরে উঠে কাছি ধরে টেনে তুলল তার ডিঙি । এই গল্পটাই আবদুল বালক রবীন্দ্রনাথকে করেছিল ।

৫১৪ “বন্দুক থাকলে মোকাবিলা করা যেত ।” -- কার সঙ্গে মোকাবিলা করা যেত ? কে মোকাবিলা করত ? কেন বন্দুক নেই ?

উ:- * কুমিরের সঙ্গে মোকাবিলা করা যেত ।

** আবদুল মাঝি মোকাবিলা করত ।

*** লাইসেন্স ফুরিয়ে যাওয়ার কারণে আবদুলের কাছে বন্দুক নেই ।